



[রাষ্ট্রীয়ভাবে একমাত্র নন-লাইফ বীমা ও পুনঃবীমা প্রতিষ্ঠান]
সাধারণ বীমা কর্পোরেশন
SADHARAN BIMA CORPORATION

(অর্থনৈতিক নিরাপত্তার প্রতীক)

মানব সম্পদ বিভাগ, প্রধান কার্যালয়, ৩৩ দিলকুশা বা/এ, ঢাকা।

www.sbc.gov.bd

স্মারক নং- ৫৩.০৭.০০০০.২০১.১১.০০১.২৪/২৯৮৫

তারিখ: ১০ নভেম্বর, ২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি

সাধারণ বীমা কর্পোরেশনের কন্ট্রোল অপারেটর (গ্রেড-১৬) এবং এসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (গ্রেড-৯) পদে সরাসরি নিয়োগের নিমিত্ত নিম্নে উল্লিখিত রোল নম্বরধারী প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী কর্পোরেশনের বোর্ড কক্ষ (১০ম তলা), প্রধান কার্যালয়, ৩৩ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০ এ অনুষ্ঠিত হবেঃ

কন্ট্রোল অপারেটর (গ্রেড-১৬):		
তারিখ, সময় ও সেশন	প্রার্থীদের রোল নম্বর	
২৪-১১-২০২৪ খ্রি. রোজ রবিবার	প্রথম সেশন: বিকাল ৩:০০ হতে ৪:৩০ পর্যন্ত	১৬০০৮, ১৬০১৯, ১৬০২২, ১৬০৩৮, ১৬০৪২, ১৬০৪৪, ১৬০৫৫, ১৬০৮১, ১৬০৯২, ১৬১০৬, ১৬১১৬, ১৬১১৭, = ১২ জন
	দ্বিতীয় সেশন: বিকাল ৫:০০ হতে ৭:০০ পর্যন্ত	১৬১২৮, ১৬১৪০, ১৬১৪১, ১৬১৫৩, ১৬১৫৮, ১৬১৫৯, ১৬১৭০, ১৬১৮০, ১৬১৮৫, ১৬২১৯, ১৬২৬৯, ১৬২৯৫ = ১২ জন

এসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (গ্রেড-৯):	
তারিখ ও সময়	প্রার্থীদের রোল নম্বর
২৬-১১-২০২৪ খ্রি. রোজ রবিবার বিকাল ৩:০০ ঘটিকা থেকে	৯০০৩, ৯০০৪, ৯০০৯, ৯০২৩, ৯০২৪, ৯০৩৩, ৯০৩৪, ৯০৩৬, ৯০৪৩ = ৯ জন

মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র/দলিলাদিঃ

ক্রঃ নং	যে সকল কাগজপত্র/দলিলাদি জমা প্রদান করতে হবে	যে সকল কাগজপত্র/দলিলাদির মূল কপি প্রদর্শন করতে হবে
১.	সদ্য তোলা ০৩কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি	
২.	লিখিত পরীক্ষার প্রবেশপত্র	
৩.	শিক্ষাগত যোগ্যতা ও কম্পিউটার প্রশিক্ষণ সনদপত্রসমূহের সত্যায়িত কপি	শিক্ষাগত যোগ্যতা ও কম্পিউটার প্রশিক্ষণের মূল সনদপত্রসমূহ
৪.	স্থায়ী ঠিকানার সমর্থনে জাতীয়তা / নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি	স্থায়ী ঠিকানার সমর্থনে জাতীয়তা / নাগরিকত্ব সনদের মূল কপি
৫.	জাতীয় পরিচয়পত্র / জন্ম সনদের সত্যায়িত কপি	জাতীয় পরিচয়পত্র / জন্ম সনদের মূল কপি
৬.	চাকুরীরত প্রার্থীদের মূল অনাপত্তিপত্র	
৭.	মুক্তিযোদ্ধা সংক্রান্ত প্রার্থীদেরকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্র ও গেজেটের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)	মুক্তিযোদ্ধা সংক্রান্ত প্রার্থীদেরকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার মূল সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)
৮.	প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধিদপ্তর হতে প্রদত্ত এতদসংক্রান্ত সনদপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)	প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধিদপ্তর হতে প্রদত্ত এতদসংক্রান্ত সনদপত্রের মূল কপি (প্রযোজ্য ক্ষেত্রে)
৯.	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সংক্রান্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সংক্রান্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদপত্রের মূল কপি (প্রযোজ্য ক্ষেত্রে)
১০.	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যদের সংশ্লিষ্ট প্রমাণক সনদপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যদের সংশ্লিষ্ট প্রমাণক সনদপত্রের মূল কপি (প্রযোজ্য ক্ষেত্রে)
১১.	অন্যান্য (যদি থাকে)	

উল্লেখ্য, উপরিউক্ত ছকে বর্ণিত কাগজপত্র/দলিলাদির সাথে সাধারণ বীমা কর্পোরেশনের নিজস্ব ওয়েবসাইট থেকে পুলিশ ভেরিফিকেশন রোল (PVR) ফরম ডাউনলোড করে প্রার্থী কর্তৃক পূরণীয় অংশ পূরণপূর্বক অবশ্যই জমা প্রদান করতে হবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য



[রাষ্ট্রীয়ভাবে একমাত্র নন-লাইফ বীমা ও পুনঃবীমা প্রতিষ্ঠান]
সাধারণ বীমা কর্পোরেশন
SADHARAN BIMA CORPORATION

(অর্থনৈতিক নিরাপত্তার প্রতীক)

মানব সম্পদ বিভাগ, প্রধান কার্যালয়, ৩৩ দিলকুশা বা/এ, ঢাকা।

www.sbc.gov.bd

পাতা-০২

প্রার্থীদের জন্য নির্দেশাবলীঃ

১. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কর্পোরেশনের বোর্ড কক্ষ (১০ম তলা), প্রধান কার্যালয়ে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকতে হবে।
২. মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১ ঘন্টা পূর্বে প্রার্থীদেরকে তাদের সংশ্লিষ্ট কাগজপত্র/দলিলাদিসহ চেকিং বোর্ডের নিকট রিপোর্ট করতে হবে।
৩. বর্ণিত সকল কাগজপত্র/দলিলাদির ০১ সেট সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষা গ্রহণের পূর্বেই চেকিং বোর্ডের নিকট দাখিল করতে হবে।
৪. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নতুন করে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না। লিখিত পরীক্ষার প্রবেশপত্রই মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে।
৫. নির্ধারিত কাগজপত্র বা দলিলাদি ব্যতীত মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।
৬. কোন প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত বা নিয়োগ সংশ্লিষ্ট প্রয়োজনীয় যে কোন শর্তে গুরুতর ঘাটতি পাওয়া গেলে, কোন অসত্য তথ্য প্রদান করলে, কোন জাল সনদ দাখিল করলে, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর ত্রুটি বা ঘাটতি পরিলক্ষিত হলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।
৭. পরীক্ষার্থীর স্বাক্ষর আবেদনপত্র ও হাজিরা শীটের সাথে মিল/একই হতে হবে।
৮. নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক নিয়োগ ও কোটা সংক্রান্ত সর্বশেষ নীতিমালা বা সিদ্ধান্ত অনুসরণ করা হবে।
৯. প্রকাশিত ফলাফলে বা মৌখিক পরীক্ষার সময়সূচিতে কোন প্রকার সংশোধন প্রয়োজন হলে কর্তৃপক্ষ তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে। এছাড়া কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ সংক্রান্ত যে কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করে।
১০. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ বা খরচ প্রদান করা হবে না।

(মোঃ শাহীমুল ইসলাম বাবুল)

ডেপুটি জেনারেল ম্যানেজার (মানব সম্পদ)

ফোনঃ ৪১০৫১৬১৮

মোবাঃ ০১৯১১-৪৯৬৭০৬

shahimul.islam@sbc.gov.bd